# পঞ্চগড় সদর উপজেলা পরিষদের আগস্ট, ২০২৪ মাসের সাধারণ সভার (উপজেলা উন্নয়ন সমন্বয় সভা) কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়

তারিখ ঃ ২৮/০৮/২০২৪ খ্রিঃ ; সময় ঃ সকাল- ১১.০০ টা

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "ক")-তে দেখানো হলো ঃ**

প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে পবিত্র কোরআর তিলাওয়াত করা হয়। এরপর গত মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকৃত হয়। তদপর নিম্নোক্ত বিষয়ের ওপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল ঃ** সহকারী প্রোগ্রামার জুলাই/২০২৪ মাসের ওয়েব পোর্টালের রিপোর্ট তুলে ধরেন। উক্ত রিপোর্টে ১৪টি দপ্তরের ১০০% তথ্য রয়েছে। তিনি বাকী দপ্তরগুলোর ১০০% তথ্য আপলোড করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। | পঞ্চগড় সদর উপজেলার সকল ইউনিয়ন এবং সকল দপ্তরের ওয়েব পোর্টালের ১০০% তথ্য আপলোড করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং দপ্তর প্রধানগণ-কে অনুরোধ জানানো হয়। | সকল দপ্তর প্রধান ও সকল ইউপি চেয়ারম্যান। |
| ০২ | **ইনোভেশন সার্কেল ঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, 'ওয়ান অফিস ওয়ান আইডিয়া' কার্যক্রম চলমান রয়েছে। তিনি সকল দপ্তর প্রধানগণকে একটি করে ইনোভেশন প্রকল্প দাখিলের জন্য অনুরোধ জানান। এছাড়াও যে সকল দপ্তরের ইনোভেশন প্রকল্প সমাপ্ত হয়েছে সে সকল দপ্তরকে নতুন করে ইনোভেশন প্রকল্প দাখিলের জন্য পুনঃ অনুরোধ জানান এবং ইনোভেশন সার্কেল আপডেট করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১) পঞ্চগড় সদর উপজেলার প্রতিটি দপ্তর হতে কমপক্ষে একটি করে ইনোভেশন প্রকল্প গ্রহণসহ বিভিন্ন দপ্তর কর্তৃক গৃহীত ইনোভেশন প্রকল্পসমূহের কাজের অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসিক সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।<br>২) সংশ্লিষ্ট সকল দপ্তরে ইনোভেশন সার্কেল চালু করার অনুরোধ জানানো হয়। | ১) সকল দপ্তর প্রধান<br>২) সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| ০৩ | **মাল্টিমিডিয়া ক্লাশরুম ঃ** সভায় জানানো হয় যে, পঞ্চগড় সদর উপজেলায় মাধ্যমিক স্তরের ৪৭টি, উচ্চ মাধ্যমিক ও মহাবিদ্যালয় ১৭টি এবং প্রাথমিক বিদ্যালয় ১৬টিসহ মোট ৮৪টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুমের মাধ্যমে পাঠদান করা হয়। বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের অধিকাংশরাই অনলাইনে আপলোড করেন না।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা সংক্রান্ত তথ্য অনলাইনে আপলোড করেন না তাদেরকে পত্র প্রেরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে পুন অনুরোধ জানান।<br>সহকারী প্রোগ্রামার বলেন যে, শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো শুধু প্রতিষ্ঠান ব্যবহার করবে তা নয়। এটি জনসাধারণও ডিজিটাল সংক্রান্ত বিষয়ে ব্যবহার করতে পারবে। এ বিষয়ে প্রচার করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ জানান। | ১) মাল্টিমিডিয়া ক্লাশরুম পরিচালনার বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ক্লাশ পরিচালনার পর তথ্য আপলোড করেন না সে সকল প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং তার তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরনের জন্য অনুরোধ জানানো হয়।<br>২) শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মাল্টিমিডিয়া ক্লাশ হচ্ছে কিনা তা পরিদর্শন করে নিয়মিত মাসিক সভায় রিপোর্ট দেয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৪ | **নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ ঃ** উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনঃ অনুরোধ জানান। কেউ যেন পন্য মজুদ রেখে মূল্য বৃদ্ধি করে বিক্রি না করে সেদিকে নজর রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ে জনসচেতনতা ও ব্যাপক প্রচারণার জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ ও সকল ইউপি চেয়ারম্যান |

## বিভাগীয় আলোচনা

| ক্রনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। অতপর তিনি নিম্লোক্ত জুলাই, ২০২৪ মাসের প্রতিবেদন তুলে ধরেন।<br>০১। **সম্প্রসারিত টিকাদান কর্মসূচিঃ** ইপিআই পারফরমেন্স, বিসিজি- ৪১৫ জন, পেন্টাভেলেন্ট ১ম ডোজ- ৪৮০ জন, পেন্টাভেলেন্ট ২য় ডোজ- ৪১২ জন, পেন্টাভেলেন্ট ৩য় ডোজ- ৪৪৩ জন, এমআর ১ম ডোজ- ৫০৬ জন এবং এমআর ২য় ডোজ- ৪১১ জন।<br>০২। **ডায়রিয়া ঃ** ০৬ জন ডায়রিয়া রোগী পাওয়া যায়। ডায়রিয়ায় কোন মৃত্যু নেই।<br>০৩। **নিউমোনিয়া ঃ** শিশুদের সর্দি কাশি হচ্ছে তবে নিউমোনিয়ায় কোন শিশুর মৃত্যু নাই। স্বাস্থ্যকর্মী মাঠ পর্যায়ে এ,আর,আই ব্যাপারে সব সময় স্বাস্থ্য শিক্ষা প্রদান করে।<br>০৪। **স্বাস্থ্য সেবা ঃ** টিকাদান কেন্দ্রে স্বাস্থ্য শিক্ষার কাজ চলমান রয়েছে।<br>০৫। **যক্ষা ঃ** পুরুষ- ২৭ জন এবং মহিলা- ২৩, সর্বমোট- ৫০ জন রোগী।<br>০৬। **কুষ্ঠ ঃ** পুরুষ- ০০ জন, মহিলা- ০১ সর্বমোট= ০১ জন রোগী।<br>০৭। **কমিউনিটি ক্লিনিক ঃ** ২৫টি কমিউনিটি ক্লিনিকে পুরুষ- ৬০৩০ জন, মহিলা- ৬০৩০ জন রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে। সিসিতে নরমাল ডেলিভারী- ০৩টি।<br>০৮। **স্বাস্থ্য শিক্ষাঃ** বিদ্যালয়ের স্বাস্থ্য শিক্ষা চলমান রয়েছে।<br>০৯। **ভেজাল খাদ্য প্রতিরোধঃ** খাদ্য স্থাপনা পরিদর্শন করা হয়েছে মোট- ২০৫ টি। খাদ্য নমুনা পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে ০০টি। ভ্রাম্যমান অভিযান পরিচাললিত হয়েছে মোট- ০০টি। জরিমানাকৃত টাকার পরিমান- ০০ টাকা। নিয়মিত হাট বাজার পরিদর্শনসহ হোটেল রেস্তোরায় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে এবং হোটেল রেস্তোরার কর্মচারীদের স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও খাদ্য লবণে আয়োডিন পরীক্ষা করা হয়।<br>১০। **গর্ভবতী মায়ের সেবাঃ** এএনসি সেবা- ১০৯ জন। পিএনসি সেবা- ৫২ জন।<br>১১। **সাব-সেন্টার ঃ** ০৩টি সাব-সেন্টারে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। পুরুষ- ৭১৫ জন এবং মহিলা- ১৫১৭ জন।<br>১২। **করোনা রোগীর তথ্য ঃ** নমুনা পরীক্ষা হয়েছে- ০০ জন, পজিটিভ রোগী- ০০ জন, হোমআইসোলেশন- ০০ জন, হাসপাতাল ভর্তি-০০ জন, পজিটিভ থেকে নেগেটিভ- ০০ জন, ছাড়পত্র প্রদান কজরা হয়-০০ জন, মৃত্যু-নাই। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার |
| ০২ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি তাঁর দপ্তরের নিম্লোক্ত আগস্ট/২০২৪ মাসের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন।<br>০১। ইউরিয়া ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ১৯০ মে.টন।<br>০২। টিএসপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৩৫ মে.টন।<br>০৩। এমওপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৫২ মে.টন।<br>০৪। ডিএপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৩৪ মে.টন।<br>অত্র উপজেলায় সারের কোন সংকট নাই।<br>তিনি আরো জানান যে, প্রণোদনা কর্মসূচীর আওতায় রোপাআমন (উফশী)-২৩০০ জন কৃষকের মাঝে বিতরণ করা হচ্ছে। প্রণোদনা কর্মসূচীর আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ- ১২০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। প্রণোদনা কর্মসূচীর আওতায় মাসকলাই- ১০০ জন ও গ্রীষ্মকালীন পেঁয়াজ- ১০০ জন কৃষকের মাঝে বিতরণ প্রস্তুতি চলমান রয়েছে। সারের সংকট মোকাবেলায় কৃষকদের নিকট ন্যায্যমূল্যে সার বিতরণের লক্ষ্যে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। | উপজেলা কৃষি অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদন এবং এসএএওগণের কর্মকান্ড নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৩ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, (১) গবাদি প্রাণির টিকা প্রদান ২৫০ মাত্রা, (২) হাঁস-মুরগির টিকা প্রদান- ৪০০০০ মাত্রা, (৩) কৃত্রিম প্রজনন- ৬৮৪ মাত্রা প্রদান করা হয়েছে এবং (৪) রাজস্ব আদায় হয়েছে- ৫৫,০৭৫/- টাকা। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৪ | **উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়াও পরিবার পরিকল্পনা অফিসার নিম্নরূপ জুলাই, ২০২৪ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন ঃ<br>১। উপজেলার মোট জনসংখ্যা- ৩,৪৬,২৭৭ জন, ২। সক্ষম দম্পত্তির সংখ্যা- ৬৫,৭৯৭ জন<br>৩। পদ্ধতি গ্রহণকারী- ৫২,৭২৯ জন, ৪। পদ্ধতি গ্রহণকারীর হার- ৮০.১৪%<br>৫। চলতি মাসে গর্ভবতীর সংখ্যা- ১,৩৫৫ জন, ৬। মোট গর্ভবতীর সংখ্যা- ২,৫৮৬ জন<br>৭। গর্ভকালীন সেবা- ১২২২ জন, ৮। প্রসবোত্তর সেবা- ৪২৩ জন<br>৯। ডেলিভারী- ৩৬৫ জন, ১০। জীবিত জন্ম- ৩৬৫ জন<br>১১। চলতি মাসে নব দম্পত্তির সংখ্যা- ৭৩ জন, ১২। শিশু সেবা- ৩৮১৬ জন<br>১৩। সাধারণ রোগী সেবা- ৩৩০৬ জন এবং ১৪। মৃত্যুর সংখ্যা- ৫৬ জন। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| খাবার বড়ি | | | কনডম | | | ইনজেকশন | | | স্থায়ী পদ্ধতি | | | আইইউডি | | | ইমপ্লান্ট | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রঃ | অঃ | হার | প্রঃ | অঃ | হার | প্রঃ | অঃ | হার | প্রঃ | অঃ | হার | প্রঃ | অঃ | হার | প্রঃ | অঃ | হার |
| ২১২৬ | ৪৯৫ | ২৩% | ৩৭৭ | ২৫ | ৬.৬৩% | ১০৩৩ | ২৬১ | ২৫% | ১৭ | ১১ | ৬৪% | ২১ | ৮ | ২৮% | ৬২ | ৬২ | ১০০% |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা প্রকৌশলী-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী |

<table>
<tr><td>০৭</td><td><u>উপজেলা সমাজসেবা বিভাগ ঃ</u> উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার দপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতাসহ অন্যান্য সকল ভাতার ৪র্থ কিস্তির বরাদ্দ ভাতাভোগীদের মোবাইলে জিটুপি পদ্ধতিতে প্রেরণ করা হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের সূবর্ণ নাগরিক কার্ড প্রদান একটি চলমান প্রক্রিয়া। কোন প্রতিবন্ধী ব্যক্তি এই কার্ড না পেয়ে থাকলে উপজেলা সমাজসেবা কার্যালয়ে যেন যোগাযোগ করেন এ বিষয়ে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করা হচ্ছে।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
<tr><td>০৮</td><td><u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>০৯</td><td><u>উপজেলা শিক্ষা বিভাগঃ</u> উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১০</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ</u> উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তরের নিম্নোক্ত আগস্ট, ২০২৪ মাসের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেনঃ
<table>
<tr><th>ক্র. নং</th><th>কর্মসূচীর নাম</th><th>আদায়ের পরিমাণ</th><th>বিতরণের পরিমাণ</th><th>ঋণী সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>মুল কর্মসূচী</td><td>০.০০</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০২</td><td>আবর্তক</td><td>৩.৪২</td><td>৩.২৭</td><td>১৩</td></tr>
<tr><td>০৩</td><td>সদাবিক</td><td>১.১৬</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৪</td><td>পল্লী প্রগতি</td><td>০.০৫</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৫</td><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>০.০৪</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৬</td><td>মউ ব্যাংক ঋণ</td><td>০.২২</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৭</td><td>মউ নিজস্ব তহবিল</td><td>৫.৭৫</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৮</td><td>অপ্রধান শস্য</td><td>০.০৫</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৯</td><td>প্রণোদনা ঋণ কোভিড-১৯</td><td>৪.২৫</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>১০</td><td>গুচ্ছগ্রাম</td><td>১.৫০</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>১৫.৬৩০</td><td>৩.২৭</td><td>১৩</td></tr>
</table></td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>১১</td><td><u>উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ</u> উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ চলমান রয়েছে। উপজেলা পর্যায়ে অপ্রতিষ্ঠানিক বা স্বল্প মেয়াদী প্রশিক্ষণ এর আওতায় চলতি বছরে ১৪টি ব্যাচে ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা যাবে। এছাড়া অত্র দপ্তরের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>১২</td><td><u>উপজেলা সমবায় বিভাগঃ</u> উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, জাতীয় সমবায় পুরস্কার/২৩ এর পঞ্চগড় সদর উপজেলার শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ীর নাম মনোনয়ন দেয়ার নির্দেশনা রয়েছে। অদ্য মিটিং এর মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় অব্যাহত রয়েছে।</td><td>উপজেলা সমবায় অফিসার পঞ্চগড় সদর-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা সমবায় অফিসার</td></tr>
<tr><td>১৩</td><td><u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ১০টি ইউনিয়নে গাছ লাগানো হয়েছে। সকল ইউপি চেয়ারম্যানগণকে গাছের উপকারভোগী নির্বাচন করে গাছ রক্ষণাবেক্ষণ করার দায়িত্ব দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>১৪</td><td><u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ</u> উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরের অগভীর নলকুপ স্থাপনের বরাদ্দ এসেছে। প্রকল্প দপ্তর হতে ০৭/০৮/২০২৪ তারিখে এক পত্রের মাধ্যমে সাইট নির্ধারণ করতে নির্দেশ করেছেন। প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক ১০৬ টি সম্পন্ন হয়েছে এবং চলমান রয়েছে ৩৩টি। এছাড়া স্থান স্বল্পতার জন্য ০৫ প্রতিষ্ঠানে কাজ হবে এবং টেন্ডার হয়নি ২০টি।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)</td></tr>
<tr><td>১৫</td><td><u>উপজেলা বনবিভাগঃ</u> ভারপ্রাপ্ত কর্মকর্তা, পঞ্চগড় এসএফএনটিসি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে। তিনি আরো জানান যে, সামাজিক বণায়নের আওতায় পঞ্চগড় সদর উপজেলায় ৭নং হাড়িভাসা ইউনিয়নে ২০.০০ সি.কিঃমিঃ স্ট্রীপ ২য় আবর্তের বাগান সৃজন করা হয়েছে। বর্তমানে বাগান সংশ্লিষ্ট উপকারভোগীদের সহযোগীতায় বাগান রক্ষণাবেক্ষণের কাজ অব্যাহত আছে। জুলাই ও আগস্ট/২০২৪ মাসে পঞ্চগড় সদর উপজেলায় অবৈধ করাত কলে অভিযান পরিচালনা করা হয় নাই। অভিযান পরিচালনা করা প্রয়োজন। অবৈধ করাত কলে অভিযান পরিচালনা করার জন্য সভাপতি মহোদয়ের সার্বিক সহযোগীতা কামন করেন।</td><td>ফরেষ্ট রেঞ্জার, পঞ্চগড়-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, পঞ্চগড় এসএফএনটিসি</td></tr>
<tr><td>১৬</td><td><u>চেয়ারম্যান, অমরখানা ইউনিয়ন পরিষদঃ</u> চেয়ারম্যান, অমরখানা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ভিতরগড় ক্যাম্প হতে মহারাজাদীঘি পর্যন্ত ১ কিঃমিঃ কাঁচা রাস্তা এবং ঘাগড়া বিওপি ক্যাম্প হতে ঠুনঠুনির বাজার পর্যন্ত ১ কিঃমিঃ কাঁচা রাস্তা বর্ষা মৌসুমে কাঁদা হয়ে জনসাধারণের চলাচল ব্যাহত হচ্ছে। সামনের বর্ষার আগেই পাঁকাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান।</td><td>১) চেয়ারম্যান, অমরখানা ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।<br>২) অমরখানা ইউনিয়নের বর্ণিত ২টি রাস্তা পাঁকাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী-কে অনুরোধ জানানো হয়।</td><td>১) চেয়ারম্যান অমরখানা ইউপি<br>২) উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>১৭</td><td><u>চেয়ারম্যান, হাফিজাবাদ ইউনিয়ন পরিষদঃ</u> চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে।</td><td>চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>চেয়ারম্যান হাফিজাবাদ ইউপি</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৮ | **চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান পঞ্চগড় সদর ইউপি |
| ১৯ | **চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, কামাত-কাজরদিঘী ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান কামাত কাজলদিঘী ইউপি |
| ২০ | **চেয়ারম্যান, চাকলাহাট ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, চাকলাহাট ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। চাকলাহাট কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সহকারী নিয়োমিত না আসায় সাধারণ মানুষ ভোগান্তিতে পড়ছে। সেখানে স্বাস্থ্য সহকারীকে নিয়োমিত আনার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা-কে অনুরোধ জানান। | ১) চেয়ারম্যান, চাকলাহাট ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।<br>২) কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রের বিষয়ে লিখিত অভিযোগ দেয়ার জন্য চেয়ারম্যান, চাকলাহাট ইউপিকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান চাকলাহাট ইউপি |
| ২১ | **চেয়ারম্যান, সাতমেরা ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, সাতমেরা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, সাতমেরা ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান সাতমেরা ইউপি |
| ২২ | **চেয়ারম্যান, হাড়িভাসা ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি-কে তার ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান হাড়িভাসা ইউপি |
| ২৩ | **চেয়ারম্যান, ধাক্কামারা ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান ধাক্কামারা ইউপি |
| ২৪ | **চেয়ারম্যান, মাগুড়া ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, মাগুড়া ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, মাগুড়া ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান মাগুড়া ইউপি |
| ২৫ | **চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান গরিনাবাড়ী ইউপি |

২৬ **উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যয় অনুমোদন ঃ** সভাপতি জানান যে, জুন, ২০২৪ মাসে উপজেলা পরিষদ কার্যালয়ের জরুরী কাজে তাৎক্ষনিকভাবে নিস্পত্তির লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত ব্যয় হয়েছে।

| ক্রমিক | তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ০১ | ০১/০৭/২০২৪ | রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তরকরণ। | ১,৭০,০০,০০০/- |
| ০২ | ০২/০৭/২০২৪ | চেয়ারম্যান এর জীপগাড়ির জুন/২০২৪ মাসের জ্বালানী বিল প্রদান। | ২৭,৪৫৭/- |
| ০৩ | ০২/০৭/২০২৪ | উক্ত বিলের ৩% আয়কর জমা প্রদান। | ৮২৪/- |
| ০৪ | ০২/০৭/২০২৪ | চেয়ারম্যান ও ইউএনও কার্যালয়ের ইন্টারনেট বিল প্রদান। | ৩,৩০০/- |
| ০৫ | ০২/০৭/২০২৪ | চেয়ারম্যান এর জুন/২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান। | ৪০,০০০/- |
| ০৬ | ০২/০৭/২০২৪ | চেয়ারম্যান এর জুন/২০২৪ মাসের বাড়িভাড়া প্রদান। | ৫,০০০/- |
| ০৭ | ০২/০৭/২০২৪ | ভাইস চেয়ারম্যান এর জুন/২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান। | ২৭,০০০/- |
| ০৮ | ০২/০৭/২০২৪ | মহিলা ভাইস চেয়ারম্যান এর জুন/২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান। | ২৭,০০০/- |
| ০৯ | ০২/০৭/২০২৪ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত কর্মচারীদের জুন/২০২৪ মাসের মজুরী বিল প্রদান। | ৬৩,৮০০/- |
| ১০ | ০২/০৭/২০২৪ | উপজেলা পরিষদের জুন/২০২৪ মাসের আনুষঙ্গিক ব্যয় বিল প্রদান। | ৫,০০০/- |
| ১১ | ১০/০৭/২০২৪ | উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের সাধঅরণ সভাসহ অন্যান্য স্বভাসমূহের আপ্যায়ন বিল প্রদান। | ৩০,০০০/- |
| ১২ | ১০/০৭/২০২৪ | অপ্রত্যাশিত খাতের ব্যয় বিল প্রদান। | ৭,০০০/- |
| ১৩ | ১৪/০৭/২০২৪ | সাবেক চেয়ারম্যান এর মে ও জুন/২০২৪ মাসের ২৪ দিনের ভ্রমন বিল প্রদান। | ১০,৬৫৬/- |
| ১৪ | ১৪/০৭/২০২৪ | সাবেক ভাইস চেয়ারম্যান এর মে ও জুন/২০২৪ মাসের ২৪ দিনের ভ্রমন বিল প্রদান। | ৭,৯৯২/- |
| ১৫ | ১৪/০৭/২০২৪ | সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান এর মে ও জুন/২০২৪ মাসের ২৪ দিনের ভ্রমন বিল প্রদান। | ৭,৭২৪/- |
| ১৬ | ২৮/০৭/২০২৪ | সাবেক চেয়ারম্যান এর জুলাই/২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান। | ৪০,০০০/- |
| ১৭ | ২৮/০৭/২০২৪ | সাবেক চেয়ারম্যান এর জুলাই/২০২৪ মাসের বাড়িভাসা প্রদান। | ৫,০০০/- |
| ১৮ | ২৮/০৭/২০২৪ | সাবেক ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান। | ২৭,০০০/- |
| ১৯ | ২৮/০৭/২০২৪ | সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান। | ২৭,০০০/- |
| ৩৩ | ২৮/০৭/২০২৪ | উপজেলা পরিষদের জীপগাড়ির জুলাই/২০২৪ মাসের জ্বালানী বিল প্রদান। | ২৭,৪৫৭/- |
| ৩৪ | ২৮/০৭/২০২৪ | উক্ত বিলের ৩% আয়কর জমা প্রদান। | ৮২৪/- |
| ৩৫ | ২৮/০৭/২০২৪ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত কর্মচারীদের জুলাই/২০২৪ মাসের বেতন প্রদান। | ৬৬,০০০/- |
| ৩৬ | ২৮/০৭/২০২৪ | উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল প্রদান। | ৫,০০০/- |
| ৩৭ | ২৮/০৭/২০২৪ | উপজেলা পরিষদ ও ইউএনও অফিসের জুলাই/২০২৪ মাসের ইন্টারনেট বিল প্রদান। | ৩,৩০০/- |

| | | | |
|---|---|---|---|
| ৩৮ | ২৮/০৭/২০২৪ | অপ্রত্যাশিত খাত হতে চাকলাহাট ইউপিতে বাঁশ ও কাঠের সাকো নির্মাণ কাজের বিল প্রদান। | ৭৮,১০০/- |
| ৩৯ | ২৮/০৭/২০২৪ | উপজেলা পরিষদ ও ইউএনও অফিসের সিসি ক্যামেরা মেরামত কাজের ব্যয় বিল প্রদান। | ২৪,৯০০/- |

তিনি বলেন, যেহেতু উপজেলা পরিষদ কার্যালয়ের জরুরী কাজ তাৎক্ষনিকভাবে নিষ্পত্তির লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপরোক্ত ব্যয় হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে উপরোক্ত ব্যয় অনুমোদন করা হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়-কে অনুরোধ জানানো হয়।

২৭ **বিবিধ (চ) ঃ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে প্রকল্প গ্রহণ ঃ** সভায় জানানো হয় যে, পঞ্চগড় সদর উপজেলায় অতি বৃষ্টির কারণে পঞ্চগড় সদর ইউনিয়নের বলেয়া পাড়া মোঃ আব্দুল কাদেরের বাড়ীর সামনে বাঁশ ও কাঠের সাকো নির্মাণ, পঞ্চগড় সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ফুটবল বিতরণ এবং উপজেলা পরিষদ চত্ত্বরের দক্ষিণ পার্শ্বের ওয়াল রংকরণ করা জরুরী। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত কাজগুলো জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে নিম্নোক্ত প্রকল্প গ্রহণের অনুরোধ জানান।

| ক্রমিক | প্রকল্পে নাম | প্রাক্কলিত মূল্য | প্রকল্প কমিটি | |
|---|---|---|---|---|
| ০১ | পঞ্চগড় সদর উপজেলাধীন পঞ্চগড় সদর ইউনিয়ন পরিষদের বলেয়া প্যা মোঃ আব্দুল কাদেরের বাড়ীর সামনে বাঁশ ও কাঠের সাকো নির্মাণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ আব্দুস সালাম, ইউপি সদস্য, পঞ্চগড় সদর ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোছাঃ ফেন্সি আক্তার, ইউপি সদস্য, পঞ্চগড় সদর ইউপি | সদস্য |
| | | | ৩) মোঃ আব্দুর রাজ্জাক, বিশিষ্ট ব্যবসায়ী | সদস্য |
| | | | ৪) মোঃ তরিকুল্লা হক, কৃষক | সদস্য |
| | | | ৫) মোঃ আনারুল হক, গন্যমাণ্য ব্যক্তি | সদস্য |
| ০২ | পঞ্চগড় সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ফুটবল বিতরণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য, পঞ্চগড় সদর ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোছাঃ ফেন্সি আক্তার, ইউপি সদস্য, পঞ্চগড় সদর ইউপি | সদস্য |
| | | | ৩) মোঃ সৈয়দ আলী, ইউপি সদস্য, হাফিজাবাদ ইউপি | সদস্য |
| | | | ৪) মোঃ সহিদুল ইসলাম, ইউপি সদস্য, ধাক্কামারা ইউপি | সদস্য |
| | | | ৫) মোঃ বাবুল হোসেন, ইউপি সদস্য, গরিনাবাড়ী ইউপি | সদস্য |
| ০৩ | উপজেলা পরিষদ চত্বরের দক্ষিণ পার্শ্বের বাউন্ডারী ওয়াল রংকরণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ সাইফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোছাঃ আঞ্জুমান আরা বেগম, ইউপি সদস্য, হাফিজাবাদ ইউপি | সদস্য |
| | | | ৩) মোঃ সহিদুল ইসলাম, ইউপি সদস্য, ধাক্কামারা ইউপি | সদস্য |
| | | | ৪) মোঃ বাবুল হোসেন, ইউপি সদস্য, গরিনাবাড়ী ইউপি | সদস্য |
| | | | ৫) মোঃ সহিদুল ইসলাম, ইউপি সদস্য, ধাক্কামারা ইউপি | সদস্য |

উপরোক্ত প্রকল্পটি প্রকল্প কমিটিকে দ্রুত বাস্তবায়নের জন্য সভার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| ২৮ | **প্রশাসক, উপজেলা পরিষদ ঃ** প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানান।<br>তিনি আরো জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রশাসনিক উন্নয়ন ও সমবায়-১ অধিশাখা) এর ১২/০৮/২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৭১১.৯৯.০৩০.১৮.১৫৪ নং স্মারক পত্রের নির্দেশনা বাস্তবায়নের জন্য সকল দপ্তর প্রধান-কে বিশেষভাবে অনুরোধ জানান। | সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানানো হয়। | সকল দপ্তর প্রধান ও ইউপি চেয়ারম্যানগণ |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৮/২৪

(মোঃ জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
পঞ্চগড় সদর, পঞ্চগড়

# উপজেলা পরিষদ

**পঞ্চগড় সদর, পঞ্চগড়**

স্মারক নং- ০৫.৪৭.৭৭৭৩.০০০.০৬.০০৩.২২-৭৭৫

তারিখ ঃ ১৩ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ / ২৮ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার,পঞ্চগড়।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ**

০১। উপজেলা........................................ অফিসার (সকল),পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান........................................ ইউপি (সকল),পঞ্চগড় সদর।

২৮/৮/২৪

(মোঃ জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
পঞ্চগড় সদর, পঞ্চগড়
☏০২৫৮৯৯৪২০৩২
e-mail: unopanchagarh@mopa.gov.bd

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "ক") (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম/পদবী | স্বাক্ষরিত/- |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, অমরখানা ইউপি, পঞ্চগড় সদর | ” |
| ০২। | চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি, পঞ্চগড় সদর | ” |
| ০৩। | চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি, পঞ্চগড় | ” |
| ০৪। | চেয়ারম্যান, কামাত কাজলদিঘী , পঞ্চগড় সদর | ” |
| ০৫। | চেয়ারম্যান, চাকলাহাট ইউপি ইউপি, পঞ্চগড় সদর | ” |
| ০৬। | চেয়ারম্যান, সাতমেরা ইউপি, পঞ্চগড় সদর | ” |
| ০৭। | চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি, পঞ্চগড় সদর | ” |
| ০৮। | চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি, পঞ্চগড় সদর | ” |
| ০৯। | চেয়ারম্যান, মাগুড়া ইউপি, পঞ্চগড় সদর | ” |
| ১০। | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি, পঞ্চগড় সদর | ” |

## সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "খ") (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম/পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর | স্বাক্ষরিত |
| ০২। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, পঞ্চগড় সদর | ” |
| ০৩। | উপজেলা কৃষি অফিসার, পঞ্চগড় সদর | ” |
| ০৪। | উপজেলা প্রাণীসম্পদ অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগ | ” |
| ০৫। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড় | ” |
| ০৬। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | ” |
| ০৭। | উপজেলা প্রকৌশলী, পঞ্চগড় সদর,পঞ্চগড় | ” |
| ০৮। | উপজেলা সমাজসেবা অফিসার, পঞ্চগড় সদর | ” |
| ০৯। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,পঞ্চগড় সদর,পঞ্চগড় | ” |
| ১০। | উপজেলা শিক্ষা অফিসার, পঞ্চগড় সদর | ” |
| ১১। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পঞ্চগড় সদর | ” |
| ১২। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,পঞ্চগড় সদর | ” |
| ১৩। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পঞ্চগড় সদর | ” |
| ১৪। | উপজেলা সমবায় অফিসার, পঞ্চগড় সদর | ” |
| ১৫। | উপঃ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), পঞ্চগড় সদর,পঞ্চগড় | ” |

## সভায় অনুপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "গ")

| ক্রমিক নং | নাম/পদবী |
|---|---|